এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# রাজশাহী বোর্ড-২০১৬

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ১০ মিনিট — পূর্ণমান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক বিভাগ থেকে দুটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

১.▶ এম.এ. পাস রফিক বন্ধুদের সঙ্গে ব্যক্তিগত জীবন নিয়ে কথাবার্তা বলার সময় বলে নিজের পায়ে না দাঁড়িয়ে বিয়ে নয়। কিন্তু পিতৃহীন রফিক চাচার সিদ্ধান্তের বাইরে যেতে পারে না। পর সম্পদ লোভী চাচার আদেশে তাকে বিয়ের পিঁড়িতে বসতে হয়। নিজের মতামত প্রকাশের মানসিক দৃঢ়তা না থাকার কারণে বিয়ে বাড়ীতে যৌতুকের মালামাল নিয়ে লোভী চাচার প্রশ্নের কারণে বিয়ে ভেঙ্গে যায়। রফিকও চাচার পদাঙ্ক অনুসরণ করে বিয়ে বাড়ী থেকে অসহায়ের মত চলে আসে।

ক. কল্যাণী কোন স্টেশনে নেমেছিল? ১

খ. 'কন্যার পিতা মাত্রেই স্বীকার করিবেন আমি সৎপাত্র'— কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত রফিক চরিত্রের সাথে 'অপরিচিতা'— গল্পের অনুপম চরিত্রের সাদৃশ্য বিশ্লেষণ কর। ৩

ঘ. দৃঢ়তার অভাবে রফিক নিজের সিদ্ধান্ত থেকে সরে এসে চাচার সিদ্ধান্ত মেনে নিয়েছে— 'অপরিচিতা' গল্পের আলোকে এ সিদ্ধান্তের সাথে তুমি কি একমত? ৪

২.▶ সাম্যের গান গাই—
আমার চক্ষে পুরুষ রমণী কোন ভেদাভেদ নাই।
বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চিরকল্যাণকর,
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।

ক. কার শাশুড়ী ননদ বাঘের মত ছিল? ১

খ. "মরণ ঠেকাতেই ফুরিয়ে আসছে তাদের জীবনীশক্তি"। উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাথে 'মাসি-পিসি' গল্পের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত চরণগুলোর সাথে 'মাসি-পিসি' গল্পে লেখকের মনোভাবের যথেষ্ট মিল পাওয়া যায়— এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

৩.▶ "তুমি আসবে বলে হে স্বাধীনতা,
সখিনা বিবির কপাল ভাঙলো,
সিঁথির সিঁদুর মুছে গেল হরিদাসীর।
তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো
দানবের মতো চিৎকার করতে করতে
তুমি আসবে বলে, হে স্বাধীনতা
ছাত্রাবাস, বস্তি উজাড় হলো।

ক. কাদের সাথে নুরুল হুদার আঁতাত আছে? ১

খ. 'আব্বু ছোট মামা হয়েছে'— ছোট্ট মেয়ের এ উক্তিতে প্রফেসর কেন চমকে উঠেন? ২

গ. উদ্দীপকের সঙ্গে 'রেইনকোট'— গল্পটি কোন দিক দিয়ে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ. স্বাধীনতাকে পাওয়ার জন্য বাঙালি জনসাধারণের আত্মত্যাগই উদ্দীপকের কবিতাংশ এবং 'রেইনকোট' গল্পের মূল প্রতিপাদ্য। মন্তব্যটির যথার্থতা প্রতিপন্ন কর। ৪

teachingbd24.com

## খ অংশ — পদ্য

৪.▶ সাদ্দাম হোসেন ইরাকের লৌহমানব ছিলেন। ইরাককে পৃথিবীর শ্রেষ্ঠ দেশ হিসেবে গড়ে তুলতে প্রাণপণ চেষ্টা করেছেন। তিনি ন্যাটো বাহিনীর সঙ্গে যুদ্ধ করতে দ্বিধা করেননি। যদিও যুদ্ধে হেরেছেন। তারপরও সামনের দিকে এগিয়ে গেছেন। তাঁর যুদ্ধ নিয়ে মতভেদ থাকলেও তিনি পৃথিবীর মানুষকে দেখিয়ে দিয়ে গিয়েছেন মাতৃভূমি রক্ষার জন্য শত্রুর সঙ্গে কোনো আপোস নয়।

ক. বিভীষণের মায়ের নাম কী? ১

খ. "শাস্ত্রে বলে, গুণবান যদি পরজন,
গুণহীন স্বজন, তথাপি নির্গুণ স্বজন
শ্রেয়, পরঃপর সদা"— বুঝিয়ে দাও। ২

গ. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার সাথে উদ্দীপকের কোন দিকটির সাদৃশ্য রয়েছে তা আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের 'সাদ্দাম' হোসেনের সাথে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় মেঘনাদের চরিত্রটি প্রতিফলিত হয়েছে— স্বীকার কর কী? আলোচনা কর। ৪

৫.▶ ইশান একজন এম.এ পাস যুবক। প্রচলিত ধ্যান-ধারণার সাথে কখনই সে একমত হতে পারে না। তাই তার বন্ধুরা যখন আচার সর্বস্ব ধর্মের আনুষ্ঠানিকতা পালন করে তখন সে মানব সেবায় নিজেকে নিয়োজিত রাখে। সে নিজের অন্তরধর্ম থেকে অনুভব করেছে সৃষ্টিকর্তা সর্বত্র বিরাজমান। আকাশে খুঁজে তাঁকে পাওয়া যায় না। মানুষের মাঝে তাঁকে খুঁজতে হবে।

ক. 'মৃত্যুক্ষুধা' কাজী নজরুল ইসলামের কোন ধরনের গ্রন্থ? ১

খ. পথে তাজা ফুল ফোটে কেন? ২

গ. ইশানের সাথে 'সাম্যবাদী' কবিতার কোথায় মিল পাওয়া যায়। ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের 'ইশানের' তুলনায় 'সাম্যবাদী' কবিতার কবির চেতনা আরও বেশি গভীরে নিহিত।" আলোচনা কর। ৪

৬.▶ ধন ধান্য পুষ্পভরা আমাদের এই বসুন্ধরা
তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা
ও সে স্বপ্ন দিয়ে তৈরি সে দেশ স্মৃতি দিয়ে ঘেরা
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি
সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি।

ক. বরুণের স্ত্রীর নাম কী? ১

খ. কবির জন্মভূমির মতো এত সুন্দর ভূমি খুঁজে পাওয়া যাবে না কেন? ২

গ. উদ্দীপকের প্রথম চরণের সাথে 'এই পৃথিবীতে এক স্থান আছে'— কবিতার সাদৃশ্য নিরূপণ কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'এই পৃথিবীতে এক স্থান আছে'— কবিতার মূলভাব প্রতিফলিত হয়েছে উক্তিটির পক্ষে মতামত দাও। ৪

http://teachingbd24.com

## গ অংশ — সহপাঠ

৭.▶ মতিয়ার হঠাৎ ধার্মিক হয়ে উঠেছে। পাঁচ ওয়াক্ত নামাজ সে মসজিদে জামাতের সঙ্গে পড়ে। পোশাকের পরিবর্তন হয়েছে। সে এখন পাজামা পাঞ্জাবী পরে। মুখ ভর্তি দাড়ি রেখেছে। মসজিদের ইমাম সাহেবের ফতোয়া মোতাবেক একদিন হঠাৎ বাড়ী ফিরে তার দামি টেলিভিশনটি ভেঙ্গে টুকরো টুকরো করে ফেলে। স্ত্রী সন্তানরা বাধা দিতে এলে সে ক্ষোভের সংগে উত্তর দেয়, "এগুলো শরিয়ত বিরোধী কাজ। দুনিয়ার জীবন কোনো জীবনই নয়। পরকালের জন্য নিজেকে তৈরি কর।"

ক. খালেক ব্যাপারী কে? ১

খ. "এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়, সচ্ছলতায় শিকড়গাড়া বৃক্ষ"— কেন? ২

গ. উদ্দীপকের মতিয়ারের সঙ্গে গ্রামের মানুষের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকের মতিয়ার 'লালসালু' উপন্যাসের খালেক ব্যাপারীর অন্য সংস্করণ— পক্ষে-বিপক্ষে তোমার মতামত দাও। ৪

৮.▶ এনায়েত রসুলপুর মসজিদের ইমাম। সর্বদা এবাদত বন্দেগিতে মশগুল থাকে সে। মাদ্রাসা শিক্ষার সর্বোচ্চ শিক্ষায় শিক্ষিত হওয়ায় সবাই তাকে মান্য করে। সুন্দর নূরানী চেহারা হওয়ায় এলাকার সবাই তাকে পীর সাহেব হিসাবে গণ্য করে। সে হঠাৎ ফতোয়া জারি করে সকল দান খয়রাত এলাকার মানুষ যেন মসজিদ মাদ্রাসায় দেয়। একথা শুনে এলাকার আধুনিক শিক্ষিত যুবক মেহেরা প্রতিবাদ জানায়। কিন্তু এলাকার কুসংস্কারাচ্ছন্ন মানুষ মেহেরার কথায় সায় দেয় না বরং বিরোধিতা করে। তাদের ধারণা বাংলা, ইংরেজি পড়া স্কুল কলেজে পড়লে মানুষ শয়তানের দোসর হয়। পরকাল শেষ হয়ে যায়। তাই সকল দান খয়রাত, পড়াশুনা মসজিদ মাদ্রাসাভিত্তিক হওয়া দরকার।

ক. আমেনা বিবি কোন দিন রোজা রাখে? ১

খ. "গ্রামের মানুষ যেন রহিমারই অন্য সংস্করণ"— ব্যাখ্যা কর। ২

গ. রসুলপুর গ্রামের এনায়েতের সঙ্গে 'লালসালু' উপন্যাসের মজিদের সাদৃশ্য ও বৈসাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মসজিদের ইমাম এনায়েতের ফতোয়ার বিরোধিতা করে আধুনিক শিক্ষিত যুবক মেহেরা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে— আলোচনা কর। ৪

৯.▶ অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। গণতন্ত্র রক্ষার স্বার্থে স্বৈরাচারী পাকিস্তান শাসকের বিরুদ্ধে আজীবন লড়াই করেছেন। ১৯৫২, ১৯৬৯ এবং শেষ পর্যন্ত উনিশ শত একাত্তর সনে এসে তাঁরই নেতৃত্বে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ নামের রাষ্ট্রের জন্ম হয়। কিন্তু পাকিস্তানি ষড়যন্ত্রকারী দালালরা থেমে থাকেনি। তাঁর উদারতার সুযোগে তারা এদেশে আবার শিকড় গেড়ে বসে। শুরু হয় নতুন ষড়যন্ত্র। তারই চরম পরিণতি হয় ১৯৭৫ সালের পনেরই আগস্ট।

ক. মীরজাফর কে? ১

খ. "শুধু ওই একটি পথেই আমরা উভয়ে উভয়ের কাছাকাছি আসতে পারি।" কিভাবে? ২

গ. সিরাজউদ্দৌলা নাটকের সাথে উদ্দীপকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কোনো সাদৃশ্য আছে কি? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং নাটকের সিরাজউদ্দৌলা উভয়ে আপনজনের ষড়যন্ত্রের শিকার হলেও উদ্দীপকের সাথে নাটকের বৈসাদৃশ্য রয়েছে আলোচনা কর। ৪

http://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　**বাংলা প্রথম পত্র**　　বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. সেকালে আসাম ও রংপুরে উৎপাদিত বিশেষ ধরনের সিল্কের নাম কী?**
ক এন্ডি　খ মভা　গ মটকা　ঘ ড্যান্ডি

**২. যে শক্তির দ্বারা মাসি-পিসি আহ্লাদিকে প্রতিকূল পরিবেশ থেকে বাঁচাতে সক্ষম হয়েছিল তা হচ্ছে—**
i. সাহস　ii. ঐক্য
iii. গায়ের জোর
**নিচের কোনটি সঠিক?**
ক i　খ ii　গ i ও ii　ঘ ii ও iii

**৩. মানিক বন্দ্যোপাধ্যায় কত সালে জন্মগ্রহণ করেন?**
ক ১৮০৮　খ ১৯০৮
গ ১৮৩৮　ঘ ১৯৩৮

**নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
আমি কিংবদন্তির কথা বলছি
আমি আমার পূর্বপুরুষের কথা বলছি।
তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল
কারণ তিনি ক্রীতদাস ছিলেন।

**৪. নিচের কোন গল্পটিতে উদ্দীপকে বর্ণিত ঐতিহ্যের কথা প্রকাশিত হয়েছে?**
ক বায়ান্নর দিনগুলো　খ আহ্বান
গ রেইনকোট　ঘ জাদুঘরে কেন যাব

**৫. প্রত্নতাত্ত্বিক ও ঐতিহাসিক সংগ্রহশালা জাতির—**
ক জ্ঞান ছড়িয়ে দেয়　খ আত্মপরিচয় তুলে ধরে
গ ভাবাদর্শ ছড়িয়ে দেয়　ঘ ঐতিহ্যকে ছড়িয়ে দেয়

**৬. লেখক কোথায় কোহিনুর দেখতে পেলেন?**
ক টাওয়ার অফ লন্ডনে　খ ব্রিটিশ মিউজিয়ামে
গ লেলিনগ্রাদের হার্মিতিয়ে
ঘ ল্যুভর মিউজিয়ামে

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
নমি কৃষি-তন্তুজীবী, স্থপতি, তক্ষক, কর্ম, চর্মকার!

**৭. নিচের কোন কবিতায় উদ্দীপকের ভাবের সাদৃশ্য রয়েছে?**
ক ঐকতান　খ তাহারেই পড়ে মনে
গ রক্তে আমার অনাদি অস্থি
ঘ আমি কিংবদন্তির কথা বলছি

**৮. 'ঐকতান' কবিতা কবির জীবন সায়াহ্নের—**
i. জিজ্ঞাসা　ii. সমীকরণ
iii. কল্পনা বিলাস
**নিচের কোনটি সঠিক?**
ক i　খ ii
গ i ও ii　ঘ ii ও iii

**৯. মহাজাগতিক কিউরেটরদ্বয় মানুষ সম্পর্কে সিদ্ধান্তে উপনীত হয় যে মানুষ—**
ক আত্মঘাতী　খ সৃষ্টিশীল
গ বুদ্ধিমান　ঘ লড়াকু

**১০. মাদাম ফোরস্টিয়ারের নেকলেসের মূল্য কত ফ্রাঁ ছিল?**
ক পাঁচ শত　খ ছয় শত
গ সাত শত　ঘ আট শত

**১১. 'জীমূতেন্দ্র' কীসের গর্জন?**
ক বাতাসের　খ মেঘের
গ কামানের　ঘ সাগরের

**১২. 'মহারথীপ্রথা' বলতে কোন প্রথার কথা বোঝানো হয়েছে?**
ক বীরের যুদ্ধরীতি　খ মহাজনী কারবার
গ রাজনৈতিক কৌশল　ঘ দানশীলতা

**১৩. 'লোক থেকে লোকান্তরে আমি যেনো স্তব্ধ হয়ে শুনি'— কবি কী শুনতে পান?**
ক পাখির গান　খ নদীর কল্লোল
গ জনতার কোলাহল　ঘ কবিতার আসন্ন বিজয়

**১৪. 'লোক লোকান্তর' কবিতায় বর্ণিত পাখি কোথায় বসে আছে?**
ক অশত্থের ডালে　খ জামের ডালে
গ চন্দনের ডালে　ঘ আমের ডালে

**১৫. রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় কবি রক্তে কীসের অস্তিত্ব অনুভব করেন?**
ক স্বদেশের　খ সময়ের
গ ঐতিহ্যের　ঘ সংস্কৃতির

**১৬. 'এই পৃথিবীতে এক স্থান আছে'— স্থানটি কেমন?**
ক পাহাড়ি　খ জলমগ্ন
গ উষ্ণমণ্ডলীয়　ঘ সুন্দর সকরুণ

**নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান।
নাই দেশ-কাল-পাত্রের ভেদ, অভেদ ধর্ম জাতি,
সব দেশে, সব কালে, ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি।—

**১৭. উদ্দীপকের বক্তব্যের সাথে 'সাম্যবাদী' কবিতার সংগতিপূর্ণ চরণ—**
i. তোমার হৃদয় বিশ্ব-দেউল সকলের দেবতার
ii. যেখানে মিশেছে হিন্দু-বৌদ্ধ-মুসলিম ক্রিশ্চান
iii. এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির-কাবা নাই
**নিচের কোনটি সঠিক?**
ক i　খ ii　গ ii ও iii　ঘ i, ii ও iii

**১৮. কোথায় সকল রাজমুকুট লুটিয়ে পড়ে বলে কবির বিশ্বাস?**
ক মসজিদ-মন্দিরে　খ রাজপ্রাসাদে
গ যুদ্ধক্ষেত্রে　ঘ মানবতার ক্ষেত্রে

**১৯. 'এখন যৌবন যার মিছিলে যাবার তার শ্রেষ্ঠ সময়'— নিচের কোন চরণের সাথে উদ্দীপকের ভাবগত মিল রয়েছে?**
ক পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা
খ শিহরিত ক্ষণে ক্ষণে আনন্দ আর রৌদ্রের ছায়ায়
গ কাছ থেকে দূরে যারা তাহাদের বাণী যেনো শুনি
ঘ অভাগা মানুষ যেনো আবার জেগে ওঠে এই আশায়

**২০. 'কবিতা'কে কবি কী বলে অভিহিত করেছেন?**
ক অতিক্রান্ত পাহাড়　খ উনুনের আগুন
গ কর্ষিত জমির শস্যদানা　ঘ পলিমাটির সৌরভ

**২১. মহব্বতনগর গ্রামের মহিলাদের সাথে মজিদের যোগসূত্র—**
ক জমিলা　খ আমেনা বিবি
গ রহিমা　ঘ হাসুনির মা

Teachingbd24.com

http://teachingbd24.com

২২. 'তানি বুঝি দুলার বাপ'।— জমিলা কার সম্পর্কে এ উক্তি করেছে?
ক মোদাব্বের মিঞা খ খালেক বেপারী
গ মতলুব মিঞা ঘ মজিদ

২৩. 'বতোর দিন' কীসের সাথে সম্পর্কিত?
ক ঈদ খ পুজো
গ চাষাবাদ ঘ বিয়ে

২৪. 'দুনিয়াটা বড় বিচিত্র জায়গা। সময়-অসময়ে মিথ্যা কথা না বললে নয়।'— এ কথার মধ্যে মজিদ চরিত্রের যে দিকটি প্রকাশিত হয়েছে, তা হলো—
i. অনুশোচনাবোধ ii. অস্তিত্ব রক্ষার প্রয়াস
iii. আত্মপক্ষ সমর্থনের চেষ্টা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ ii ও iii

২৫. 'মজিদের মন ক-দিন ধরে চিন্তায় ঘোরপাক খায়'।— কারণ কী?
ক জমিলার অবাধ্যতা
খ হাসুনির মায়ের উপস্থিতি
গ আওয়ালপুরে পিরের উপস্থিতি
ঘ রহিমার সন্তান কামনা

২৬. 'নবাব মসনদের পাশে দাঁড়িয়ে আছেন। ইনি কি নবাব না ফকির।'— এ কথার মধ্য দিয়ে মিরজাফর চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে?
ক সাদা-সিধে খ দৃঢ়চিত্ত
গ কূটকুশলী ঘ পরনির্ভরশীল

২৭. 'উই হ্যাভ কাম টু আর্ন মানি অ্যান্ড নট টু গেট ইন্টু পলিটিকস।'— ওয়াটসের এ কথা ইংরেজদের—
i. বাকচাতুর্য ii. ছদ্মবেশ
iii. প্রতারণা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i, ii ও iii

২৮. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের দ্বিতীয় দৃশ্যের ঘটনাগুলো সংঘটনের স্থান কোনটি?
ক ফোর্ট উইলিয়াম দুর্গ
খ ফোর্ট উইলিয়াম জাহাজ
গ ঘসেটি বেগমের বাড়ি
ঘ নবাবের দরবার

২৯. 'দশদিকের দশটি হাত ভর্তি করতে হিমশিম খেয়ে যাচ্ছে ইংরেজ, ডাচ আর ফরাসিরা।'— এ কথার মধ্যে কোন তথ্য রয়েছে?
ক ইউরোপীয়দের দানশীলতা
খ এদেশীয়দের দারিদ্র্য
গ নবাবের পরিষদবর্গের লোভ
ঘ নবাবের উদাসীনতা

৩০. নবাবের সৈন্যরা ফোর্ট উইলিয়াম দুর্গ আক্রমণ করলে কে মেয়েদের নৌকায় করে পালিয়ে গিয়েছিল?
ক ক্লাইভ খ হলওয়েল
গ ড্রেক ঘ ওয়াটস

৩১. 'অতএব পুরুষের মতো আচরণ করাই বিধেয়।'— কথাটিতে কী প্রকাশিত হয়েছে?
ক শ্লেষ খ ঔচিত্যবোধ
গ উদারতা ঘ প্রতিশোধ স্পৃহা

৩২. 'আহ্বান' গল্পে বর্ণিত বুড়ির স্বামী পেশায় কী ছিলেন?
ক করাতী খ মিস্ত্রি গ মাঝি ঘ কৃষক

৩৩. 'জড়িমা' শব্দের অর্থ কী?
ক জড়িয়ে থাকা খ আড়ষ্টতা
গ চাকচিক্য ঘ জংধরা

৩৪. 'আমার পথ' প্রবন্ধে লেখকের কর্ণধার কে?
ক রাষ্ট্র খ সরকার গ গান্ধীজি ঘ নিজে

৩৫. '— চিনলেই আত্মনির্ভরতা আসে।' বাক্যটির শূন্যস্থানে কী বসবে?
ক বন্ধুদেরকে খ সহপাঠীদেরকে
গ আত্মাকে ঘ শত্রুকে

৩৬. 'স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ। তাদের কাজ—
i. ভালো কাজে সহায়তা করা
ii. ভালো কাজে অন্তরায় সৃষ্টি করা
iii. অপরের নিন্দা রটানো
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৩৭ ও ৩৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:
আমি তোমার সামনে আবার নতজানু হয়েছি, নারী
না, প্রেমে নয়, আশ্লেষে নয়
ক্ষমা চেয়ে
***
কেনাবেচা চলছে তোমাকে নিয়ে
যেনো তুমি শাকসবজি
আলু পটল
খাসির মাংস।

৩৭. উদ্দীপকের ভাবের সাথে নিচের কোন গল্পের মিল রয়েছে?
ক মাসি-পিসি খ অপরিচিতা
গ আহ্বান ঘ নেকলেস

৩৮. উদ্দীপকে বর্ণিত অবমূল্যায়নের শিকার হয়েছে কোন চরিত্র?
ক আহ্লাদি খ আসমা
গ কল্যাণী ঘ মাদাম লোইসেল

৩৯. নিচের কোনটিতে রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্য কর্মের উল্লেখ করা হয়েছে?
ক বিড়াল খ আমার পথ
গ চাষার দুক্ষু ঘ জীবন ও বৃক্ষ

৪০. 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।'— এখানে কোন প্রসঙ্গে কথাটি বলা হয়েছে?
ক সাতচল্লিশে দেশভাগ
খ ভাষা আন্দোলনে গুলি বর্ষণ
গ উনসত্তরের অভ্যুত্থানে গুলি বর্ষণ
ঘ ২৫ মার্চে গুলি বর্ষণ

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ ক | ২ গ | ৩ খ | ৪ ঘ | ৫ খ | ৬ ক | ৭ খ | ৮ ঘ | ৯ ক | ১০ ক | ১১ খ | ১২ ক | ১৩ ঘ | ১৪ গ | ১৫ গ | ১৬ ঘ | ১৭ ঘ | ১৮ ঘ | ১৯ ক | ২০ গ |
| ২১ গ | ২২ ঘ | ২৩ গ | ২৪ ঘ | ২৫ গ | ২৬ ঘ | ২৭ ঘ | ২৮ ক | ২৯ গ | ৩০ গ | ৩১ খ | ৩২ ক | ৩৩ খ | ৩৪ ঘ | ৩৫ গ | ৩৬ ঘ | ৩৭ খ | ৩৮ ঘ | ৩৯ ঘ | ৪০ খ |

Teachingbd24.com